

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-টিএসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি/১৯৯৮/২০১১/৪২৭

তারিখ : ০২/০৩/২০১৭ খ্রি:

বিষয় : মতামত/ব্যাখ্যা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মো: আফজাল হোসেন এর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ এবং অফিস সহায়ক জনাব মো: ইমান আলীর বিরুদ্ধে উদ্বেগপূর্ণ ও অশালীন আচরণ করার নিম্নলিখিত অভিযোগ দাখিল পাওয়া গেছে।

- ক) গত ১২/০২/২০১৭ খ্রি: তারিখ বেলা ১২.১০ মিনিটে প্রতিষ্ঠানের অফিস কক্ষে অফিস সহায়ক জনাব মো: ইমান আলী বিনা উক্ফনিতে ক্যাশ সরকার জনাব মো: উমেদ আলীর উপর অতর্কিত হামলা চালায়। হামলার একপর্যায়ে তার চেখের চশমা ভেঙ্গে যায় এবং একটি চোখ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এর আগেও তিনি ভিকটিমের ওপর মারমুখী ভূমিকায় অবর্তীন হন।
- খ) তিনি গত ৩০/০৮/২০০৬ খ্রি: তারিখ হতে নিজ নামে একক সৌট বরাদ্দ নিয়ে পরিবারসহ বসবাস করে আসছেন। এ নিয়ে অন্যান্যরা ক্ষেত্র প্রকাশ করলে অধ্যক্ষ তাদেরকে বদলীর ভয় দেখান। ফলে তারা ভয়ে মুখ খুলতে সাহস পায় না।
- গ) প্রতিবছর কোরবানীর আগে প্রতিষ্ঠানের অধ্যক্ষ তাকে দিয়ে ৩/৪ টি ষাঁড় গরু বানিয়িকভাবে লালন-পালন করে থাকেন। এতে আবাসিক এলাকার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হয়। এ এলাকার কেউ এ নিয়ে কথা বললে তাদেরকে বাসা ছেড়ে দেয়ার হৃষকি দিয়ে থাকেন।
- ঘ) তিনি অন্যের নামে প্রতিষ্ঠানের অভ্যন্তরের যাবতীয় ফল গাছের ইজারা নিয়ে থাকেন। লিচু ও কাঁঠাল গাছ ইজারার বাইরে রেখে লিচু ও কাঁঠাল বিক্রি করে ভাগাভাগি করেন।
- ঙ) বে-সরকারী প্রতিষ্ঠানে নিয়োগে বেশী অর্থ আদায়ের জন্য অধ্যক্ষ তাকে স্থানীয় হওয়ার সুবাদে সফর সঙ্গী করেন।
- চ) ক্লাশ মনিটরিং এর দায়িত্ব অধ্যক্ষ ও সিআইদের উপর ন্যস্ত থাকলেও অধ্যক্ষ জনাব মো: ইমান আলীকে দিয়ে মনিটরিং করিয়ে থাকেন। এছাড়া সাইকেল গ্যারেজে পাহারাদার জনাব মো: রফিকুল ইসলাম-কে দিয়েও তিনি এ কাজটি করিয়ে থাকেন। এতে করে সকল শিক্ষক অপমানিতবোধ করছেন।
- ছ) পার্ট টাইম ঝাড়ুদার সোহেলী খাতুন-কে দিয়ে নিজের বাসার যাবতীয় কাজ করিয়ে থাকেন এবং অফিস সহায়ক জনাব মো: ইমান আলীকে দিয়ে অধ্যক্ষ তার মেয়েকে নিয়মিত স্কুলে আনা-মেওয়া করান। ফলে তাকে অফিসে খুব একটা দেখা যায় না।

এমতাবস্থায়, সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয় সমূহ ইমান আলীর বাসা বরাদ্দের অনুমতি ও ভাড়া কর্তনের প্রমানক এবং ফল গাছের ইজারা সংক্রান্ত কাগজ ও টাকা জমাদানের প্রমানকসহ লিখিতভাবে ব্যাখ্যা/মতামত অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২৫.৩.২০১৭
(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

জনাব মো: আফজাল হোসেন

অধ্যক্ষ

সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ

সিরাজগঞ্জ।

পিআইএমএস আইডি নং-৬৬৪৮৬৮১০৮৯

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাপ্তি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিরাজগঞ্জ।